

মোঃ নুরুল আবছার
ব্যবস্থাপনা পরিচালক (সি.সি)



মোঃ নুরুল আবছার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৯ সালে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে এল.এল.বি ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি আইসিএবি এর আওতাধীন সিএ ফার্ম মেসার্স এ ওহাব এন্ড কোং থেকে সিএ কোর্স সম্পন্ন করেন। ১৯৯৬ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাব রক্ষক পদে যোগদান করেন এবং পরবর্তীতে বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন ও ২০০৯ সালে প্রধান অর্থ কর্মকর্তা হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ৩০ এপ্রিল ২০১৪ তারিখ থেকে ব্যবস্থাপনা পরিচালক এর চলতি দায়িত্ব পালন করছেন।

এ এইচ এম জাকারিয়া
ব্যবস্থাপক (প্রশাসন) ও সহঃ কোম্পানী সচিব




এ এইচ এম জাকারিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে ২০০৮ সালে ব্যবস্থাপক (প্রশাসন) হিসেবে পদোন্নতি লাভ করেন এবং ০১ জানুয়ারী ২০১২ তারিখ থেকে সহকারী কোম্পানী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ মকবুল হোসেন
ব্যবস্থাপক (বাণিজ্যিক ও বিক্রয়)



মোঃ মকবুল হোসেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯২ সালে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০০০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে সহকারী হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ব্যবস্থাপক (বাণিজ্যিক) হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ০৮ জানুয়ারী ২০১২ তারিখ থেকে ব্যবস্থাপক (বাণিজ্যিক ও বিক্রয়) হিসেবে দায়িত্ব পালন করছেন।

শেখ ফরিদ আহম্মদ
কারখানা ব্যবস্থাপক



শেখ ফরিদ আহম্মদ, ঢাকা বোর্ড থেকে ১৯৭৭ সালে এসএসসি পাস করেন। ১৯৮৫ সালে আজিজ পাইপস্ লিমিটেডে যোগদান করেন এবং বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন। পরবর্তীতে ২০১০ সালে সহকারী কারখানা ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ০১ অক্টোবর ২০১২ তারিখ থেকে কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।

দীদার উদ্দিন আহমেদ
উৎপাদন ব্যবস্থাপক



দীদার উদ্দিন আহমেদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ১৯৮৬ সালে প্রকৌশল ডিপ্লোমা (তড়িৎ) পাস করেন। ১৯৮৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে ২০০২ সালে উৎপাদন প্রকৌশলী এবং ২০০৭ সালে উৎপাদন ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। বর্তমানে তিনি উৎপাদন ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ রাশিদুল হাসান
অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা



মোঃ রাশিদুল হাসান, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০১৪ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি হক শাহ আলম মনসুর এন্ড কোং থেকে ২০১৮ সালে সিএ (সি.সি) কোর্স সম্পন্ন করেন। তিনি ২০১৭ সাল থেকে একজন আয়কর পেশাজীবী হিসাবে জাতীয় রাজস্ব বোর্ডে তালিকাভুক্ত হয়েছেন। ২০১৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ১২ মে ২০১৮ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন।